

**রাজশাহীতে বেসরকারী শিক্ষকদের
কর্মবিরতি পালন**

রাজশাহী অফিসে ১১২ দফা
আদায়ের লক্ষ্যে বাংলাদেশ শিক্ষক সমিতি
ফেডারেশনের আহ্বানে মহানগরীসহ
রাজশাহী জেলার সর্বত্র বেসরকারী স্কুল,
কলেজ ও মাদ্রাসার শিক্ষক এবং কর্মচারীরা
গতকাল (রবিবার) সকাল ১০টা হইতে
দুপুর ১২টা পর্যন্ত কর্মবিরতি পালন করেন।

রাজশাহী জেলা কলেজ শিক্ষক
সমিতির সভাপতি জানান, সব বেসরকারী
স্কুল, কলেজ ও মাদ্রাসার শিক্ষক কর্মচারী
স্বতঃস্ফূর্তভাবে এই কর্মবিরতি পালন
করেন। কোথাও কোন অনভিপ্রেত ঘটনা
ঘটে নাই। তিনি তাহাদের আন্দোলনের
প্রতি সকলের সহযোগিতা কামনা
করিয়াছেন।